


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১২ ফাল্গুন ১৪২৫/ ২৪ ফেব্রুয়ারি ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.২২ - সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, গত ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বুধবার রাতে রাজধানীর চকবাজারের নন্দকুমার দত্ত রোড ও চুরিহাট্টা শাহী জামে মসজিদ রোড এলাকায় ভয়াবহ অগ্নিদুর্ঘটনায় মর্মান্তিকভাবে নিহতদের বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁদের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা প্রকাশের লক্ষ্যে আগামী ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ সোমবার ০১ (এক) দিনের রাষ্ট্রীয় শোক পালিত হবে। উক্ত দিবসে বাংলাদেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান/ভবনসমূহে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



ড. মোঃ শামসুল আরেফিন

সচিব, সমন্বয় ও সংস্কার

মন্ত্রিপরিষদ সচিবের রুটিন দায়িত্বে

বিতরণ:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৩। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহকে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হল।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)। তাঁর বিভাগের সকল জেলা প্রশাসককে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
- ৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপন বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহসহ সকল ইলেকট্রনিক এব প্ৰিন্ট মিডিয়ায় জরুরি ভিত্তিতে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হল।
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব।
- ৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা। তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপনটির ১০০ (একশত)